



প্রতিদিন অন্ততঃ একবার
বাকশিবোর ওয়েবসাইট ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (বিএমটি শাখা)

Website : www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৫.২২.৪৩০

তারিখঃ ১৫-০৬-২০২২খ্রি.

পুনঃবিজ্ঞপ্তি

বিষয়ঃ তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ ও হার্ডকপি দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পরিচালিত এইচএসসি(বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি(বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের একাদশ ও দ্বাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারি সকল পরীক্ষার্থীর তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC, PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অনলাইনে আগামী ৩০-০৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। প্রত্যেক বিষয়ে নম্বর প্রদানের পর Send বাটনে ক্লিক করার পূর্বে অবশ্যই তা TC, PC মার্কস এন্ট্রিকৃত খাতার সাথে অনলাইনে প্রদানকৃত মার্কস মিলিয়ে নিতে হবে যাতে কোন ধরনের ভুল (যেমন ২০ এর স্থলে ০ অথবা ২ এন্ট্রি করা, নম্বর ব্যতীত অন্য কোন অক্ষর এন্ট্রি করা অথবা অনুপস্থিত শিক্ষার্থীর কলামে A না লিখা ইত্যাদি) না থাকে। প্রেরিত নম্বরের Print Preview দেখে নিশ্চিত হয়ে তার হার্ড কপি ০১-০৭-২০২২খ্রি. তারিখ হতে প্রিন্ট করা যাবে। ০১-০৭-২০২২ খ্রি. তারিখের পূর্বের প্রিন্ট কোন ভাবেই গ্রহণযোগ্য হবে না। অনলাইনে প্রেরিত কপি হবহ হার্ডকপি দাখিল করতে হবে। কোনরূপ ঘষামাজা, সংশোধন, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য হবে না। TC, PC নম্বর ও ফরম ফিলাপ এর হার্ডকপি, BTEB Payment Voucher, পরীক্ষার্থীর ফরম ফিলাপের তালিকা (হার্ডকপি ও সফটকপি) প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ কেন্দ্র সচিবের নিকট জমা দিবে এবং কেন্দ্র সচিব পরীক্ষার মালামাল ও প্রবেশপত্র গ্রহণের সময় বোর্ডের বিএমটি শাখায় (১০ম তলা) জমা দিবে। অন্যথায় ঐ প্রতিষ্ঠানের প্রবেশপত্র প্রদান করা হবে না।

উল্লেখ্য কোন পরীক্ষার্থীর TC, PC -এর নম্বর নির্ধারিত সময়ে Online -এ প্রেরণ করা না হলে অথবা যেকোন ধরনের ভুলের কারণে অকৃতকার্য মার্কস এন্ট্রি হলে অথবা TC, PC তে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই ঐ পরীক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। TC, PC মার্কস প্রেরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮, ০১৭৩২২৯৭৬০৭ নম্বরগুলোতে যোগাযোগ করা যাবে।


(প্রকৌ. মো. আব্দুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

তারিখঃ ১৫-০৬-২০২২খ্রি.

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৫.২২.৪৩০(১২)

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ২। সচিব, পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/ পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি, ভোক.)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান। (নির্ভুল ভাবে অনলাইনে TC, PC নম্বর প্রেরণ করাসহ পরীক্ষা সমাপ্ত হওয়ার সাথে সাথে ড্রেজারি/থানা লকারে রক্ষিত ট্যাংক বোর্ডের ৮ম তলায় (গোপনীয় শাখা) পাঠানো নিশ্চিত করুন।
- ৪। উপ পরীক্ষা নিয়ন্ত্রক ডিপ্লোমা/ সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৭। উপ পরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৯। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। সংশ্লিষ্ট নথি।



(মোঃ সুলতান হোসেন)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)

ফোনঃ ০২-৫৫০০৬৫২৯